



ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর

গাজীপুর-১৭০৭

ফোন (অফিস): ৪৯২৭৪০০৩, ফোন (পিএবিএক্স): ৪৯২৭৪০৩৪-৫৩ এক্স: ১১০১, ফ্যাক্স: ০২-৪৯২৭৪০০১-০২, Email: reg_duet@duet.ac.bd, web: www.duet.ac.bd

স্মারক নং-চাপ্রবি/প্রশা/বিজ্ঞপ্তি/৪৮৯/১২/৮৯

তারিখ : ০৬/০১/২০২৫ খ্রিঃ

বিজ্ঞপ্তি


আগামী ০৯ জানুয়ারী, ২০২৫ খ্রিঃ তারিখ রোজ বৃহস্পতিবার বিকাল ৪:১৫ ঘটিকায় অত্র বিশ্ববিদ্যালয়ের উদ্যোগে “মাদক রোধ ও নৈতিক মূল্যবোধের বিকাশ”- শীর্ষক ডুয়েট সিরাত সেমিনার-২০২৫ বিশ্ববিদ্যালয় প্রাঙ্গণে অনুষ্ঠিত হইবে। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথির আসন অলংকৃত করার সদয় সম্মতি জ্ঞাপন করিয়াছেন অত্র বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর অধ্যাপক ড. মোহাম্মদ জয়নাল আবেদীন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকিবার সদয় সম্মতি জ্ঞাপন করিয়াছেন অত্র বিশ্ববিদ্যালয়ের মাননীয় প্রো-ভাইস-চ্যান্সেলর অধ্যাপক ড. মো: আরেফিন কাওসার।

প্রধান আলোচক হিসেবে উপস্থিত থাকিবার সদয় সম্মতি জ্ঞাপন করিয়াছেন শায়খ আহমাদুল্লাহ, চেয়ারম্যান, আস-সুন্নাহ ফাউন্ডেশন এবং বিশেষ আলোচক হিসেবে উপস্থিত থাকিবার সদয় সম্মতি জ্ঞাপন করিয়াছেন ডা. নাবিল, বিসিএস (স্বাস্থ্য), প্রতিষ্ঠাতা- ডা. নাবিল একাডেমি। উক্ত অনুষ্ঠানে সভাপতিত্ব করিবেন অত্র বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব) অধ্যাপক ড. মোহাঃ আবু তৈয়ব।

ডুয়েট সিরাত সেমিনার-২০২৫ অনুষ্ঠানের সময়সূচী

সময়	প্রথম অধিবেশন
৪:১৫-৪:২০	অতিথিবৃন্দে আসন গ্রহণ।
৪:২০-৪:২৫	পবিত্র কুরআন তিলাওয়াত- মো: মুহসিন, এমই (৪/১)।
৪:২৫-৪:৩০	উদ্বোধনী বক্তব্য : অধ্যাপক ড. মো: আরেফিন কাওসার। মাননীয় প্রো-ভাইস-চ্যান্সেলর, ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
৪:৩০-৫:৩০	আলোচনা করবেন: ডা. নাবিল, বিসিএস (স্বাস্থ্য) প্রতিষ্ঠাতা- ডা. নাবিল একাডেমি। বিষয়: মাদক ও স্বাস্থ্যবিজ্ঞান।
৫:৩০-৬:০০	মাগরিবের সালাতের বিরতি।
	দ্বিতীয় অধিবেশন
৬:০০-৬:০৫	পবিত্র কুরআন তিলাওয়াত: মাওলানা মোঃ আবু বকর, উপ-খতিব, কেন্দ্রীয় মসজিদ।
৬:০৫-৬:১০	প্রধান অতিথির বক্তব্য: অধ্যাপক ড. মোহাম্মদ জয়নাল আবেদীন মাননীয় ভাইস-চ্যান্সেলর, ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
৬:১০-৬:২০	১. হাফিজ ছাত্রদের তিলাওয়াত। ২. শায়খ আহমাদুল্লাহ কর্তৃক ডুয়েট মসজিদ হইতে হিফজকৃত হাফিজ ছাত্রদের পাগড়ী প্রদান।
৬:২০-৬:২৫	সভাপতির বক্তব্য: অধ্যাপক ড. মোহাঃ আবু তৈয়ব, রেজিস্ট্রার, ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
৬:২৫-৮:৩০	আলোচনা, প্রশ্নোত্তর ও দোয়া করবেন: শায়খ আহমাদুল্লাহ চেয়ারম্যান, আস-সুন্নাহ ফাউন্ডেশন। বিষয়: নৈতিক মূল্যবোধ ও ইসলাম।
৮:৩০-৯:০০	এশার সালাতের বিরতি (১ম জামাত: ৮:৩০ ও ২য় জামাত ৮:৪৫)।
	তৃতীয় অধিবেশন
৯:০০-১০:০০	নাশীদ মাহফিল- ১. কিরাত ২. হামদ ৩. নাত ৪. কাওয়ালী।

উক্ত অনুষ্ঠানে সকল শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীকে অংশগ্রহণ করার জন্য অনুরোধ করা হইল।


08 JAN 2025

অধ্যাপক ড. মোহাঃ আবু তৈয়ব
রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)
ফোন : ৪৯২৭৪০০৩ (অফিস)।

তারিখ : ০৬/০১/২০২৫ খ্রিঃ

স্মারক নং-চাপ্রবি/প্রশা/বিজ্ঞপ্তি/৪৮৯/১২/৮৯

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (প্রযোজ্য ক্ষেত্রে)

(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-

- ১। পিএস টু ভিসি (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ২। এপিএস টু প্রো-ভিসি (প্রো-ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ৩। সকল-ডীন/বিভাগীয় প্রধান/পরিচালক/হল প্রভোস্ট/অফিস প্রধান/শাখা প্রধান
(বিভাগ/দপ্তরের সকল শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীকে অবহিত করার ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হইল);
- ৪। পরিচালক, কম্পিউটার সেন্টার (বিজ্ঞপ্তিটি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রচারের ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হইল);
- ৫। জেলা প্রশাসক, গাজীপুর;
- ৬। সভাপতি-মসজিদ পরিচালনা/পরিবেশ ও ক্যাম্পাস ওয়েলফেয়ার কমিটি;
- ৭। কম্পট্রোলার, কম্পট্রোলার অফিস;
- ৮। যুগ্ম-পরিচালক, জাতীয় নিরাপত্তা ও গোয়েন্দা সংস্থা, গাজীপুর;
- ৯। উপ-পুলিশ কমিশনার, সিটি স্পেশাল ব্রাঞ্চ, বাংলাদেশ পুলিশ, গাজীপুর মেট্রোপলিটন পুলিশ (জিএমপি), গাজীপুর;
- ১০। উপ-পরিচালক, ডিজিএফআই, গাজীপুর;
- ১১। উপজেলা নির্বাহী কর্মকর্তা, গাজীপুর সদর, গাজীপুর;
- ১২। প্রধান শিক্ষক, ঢাকা ইঞ্জিনিয়ারিং ইউনিভার্সিটি স্কুল;
- ১৩। জেলা তথ্য কর্মকর্তা, গাজীপুর;
- ১৪। সিকিউরিটি অফিসার, নিরাপত্তা শাখা;
- ১৫। নোটিশ বোর্ড (সকল);
- ১৬। সংরক্ষণ নথি/গার্ড ফাইল।


06/01/2025
(আবদুল্লাহ আলি মাহমুদ)

ডেপুটি রেজিস্ট্রার, রেজিস্ট্রার অফিস।